দৈনিক ইত্তেফাক

তারিখ ... 17 AUG 1994
পৃষ্ঠা ১ কলাম ৩

10

# ইউকসু নির্বাচন স্থগিত রাখার দাবী

ইত্তেফাক রিপোর্ট ॥ ছাত্রলীগ (ম-ই) বুয়েট শাখা গতকাল (মঙ্গলবার) জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে অবিলম্বে ইউকসু নির্বাচন স্থগিত করিয়া ক্যাম্পাসে শান্তিপূর্ণ পরি-

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ইউকসু নির্বাচন

(১ম পৃঃ পর)

বেশ সৃষ্টির মাধ্যমে নির্বাচনের নূতন তারিখ ঘোষণার দাবী জানাইয়াছে। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পড়িয়া শোনান সংগঠনের বুয়েট শাখার সাধারণ সম্পাদক আতাউল মাহমুদ। সম্মেলনে বলা হয়, বুয়েটের সকল ছাত্র সংগঠন যখন পরীক্ষা সমস্যা সমাধানের দাবীতে ঐক্যবদ্ধ সেই মুহূর্তে কর্তৃপক্ষ চলমান আন্দোলনকে ভিন্ন খাতে প্রবাহিত করার লক্ষ্যে ইউকসু নির্বাচনের তারিখ ঘোষণা করে। ইহাতে ২টি ছাত্র সংগঠন অংশগ্রহণের সিদ্ধান্ত নেয়—যাহা সাধারণ ছাত্র-ছাত্রীদের স্বার্থ-বিরোধী। সাংবাদিক সম্মেলনে বুয়েট ক্যাম্পাসে সন্ত্রাসী ঘটনার জন্য ছাত্রদলের আভ্যন্তরীণ কোন্দলকে দায়ী করা হয়। সংগঠনের বুয়েট শাখার সভাপতি মঞ্জুরুল হক মঞ্জু, কাজী খায়রুল বাশার, বিধান চন্দ্র দে, বিজন কুমার সরকার প্রমুখ সম্মেলনে উপস্থিত ছিলেন।

এদিকে গতকাল বুয়েট ক্যাম্পাসে উত্তেজনা বিরাজমান ছিল। সকাল হইতে সারাদিন ১০/১২টি বোমা বিস্ফোরণের শব্দ শোনা যায়। গতকালও ছাত্রলীগের (ম-ই) আহ্বানে ছাত্র ধর্মঘট পালিত হয়। ক্যাম্পাসে বিপুল সংখ্যক পুলিশ প্রহরা মোতায়েন রাখা হইয়াছে।